**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২১০।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.০১৬.১৭-১৫

তারিখ: ২৮ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ১২ জানুয়ারি, ২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.২৫-৩৬; তারিখ ১১ জানুয়ারি, ২০২৬ খ্রি. মোতাবেক গণভোট ২০২৬ বিষয়ে জনসচেতনতা তৈরির লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১২/০১/২০২৬

(মোঃ আল মাসুদ করিম)
সচিব (উপসচিব)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল)

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.০১৬.১৭-১৫(৯)

তারিখ: ২৮ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ১২ জানুয়ারি, ২০২৬ খ্রি.

বিতরণঃ সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩-৬। পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

১২.০১.২৬

(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
উপসচিব (প্রশাসন) অঃ দাঃ

চেয়ারম্যানের দপ্তর
বাকাশিবো, ঢাকা
☑ সচিব
☐ পরিচালক (কা:/সিবিটি/প্রকল্প)
☐ পরীক্ষা নিয়ন্ত্রক
☐ পরিদর্শক
☐ সিস্টেম এনালিস্ট
☐ উপ-সচিব (রেজি:)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.২৫.৩৬ | তারিখ: ২৭ পৌষ ১৪৩২ / ১১ জানুয়ারি ২০২৬

**বিষয়: গণভোট ২০২৬ বিষয়ে জনসচেতনতা তৈরির লক্ষ্যে নির্দেশনা প্রদান।**

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয়ের ১৭/১২/২০২৫ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.২৩.২৫-৪০৪ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গণভোট ২০২৬ বিষয়ে জনসচেতনতা তৈরির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

12 JAN 2026

ক) গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অংশ হিসেবে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে প্রচারিত লিফলেটের বক্তব্য **(কপি সংযুক্ত)** ও বাংলাদেশ নির্বাচন কমিশন-এর **তথ্য কণিকা- ৯** এ বর্ণিত তথ্য সংবলিত স্ট্যান্ডিং ব্যানার তৈরি করে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ নিজ নিজ অফিসের দৃশ্যমান স্থানে প্রদর্শন করবে।

খ) নির্বাচন কমিশন হতে সরবরাহকৃত ড্রপডাউন ব্যানার শিক্ষা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠান-কে নির্দেশনা প্রদান করবে।

সচিব মহোদয়ের দপ্তর
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
☐ পরিচালক (কারি:/সিবিটি/প্রকল্প)
☐ পরিদর্শক
☐ পরীক্ষা নিয়ন্ত্রক
☑ উপ সচিব (প্রশাসন/রেজি:)
☐ উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)
☐ উপ পরিচালক (প্রকাশনা)
☐ সিস্টেম এনালিস্ট
☐ প্রকিউরমেন্ট অফিসার
☐ পিএ
☐ ...........

গ) গণভোট বিষয়ে গণসচেতনতা তৈরি ও ভোটারদের দৃষ্টি আকর্ষণ করার লক্ষ্যে গণভোটের উদ্দেশ্য, সময় ও ভোট প্রদানের নিয়ম তুলে ধরে তথ্য মন্ত্রণালয়/ নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত ব্যানার/ফেস্টুন/ লিফলেট এ বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দৃশ্যমান স্থানে প্রদর্শন করবে।

ঘ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অভিভাবক সমাবেশ বা শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক অন্যান্য অনুষ্ঠান/আয়োজনে গণভোট বিষয়ে সচেতনতা সংক্রান্ত বার্তা উপস্থাপন করবে এবং শিক্ষার্থীদের মাধ্যমে গণভোট বিষয়ে পরিবারে সঠিক তথ্য পৌঁছাতে উদ্যোগ গ্রহণ করবে।

ঙ) দপ্তর/সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ওয়েবসাইট, ফেসবুক পেজ বা নোটিশ বোর্ডে এ বিভাগ হতে প্রেরিত গণভোট বিষয়ে তথ্য প্রচার করবে।

**সংযুক্তি: ২ (দুই) পৃষ্ঠা।**

সচিব মহোদয়ের স্বাক্ষর
12 JAN 2026

হাছিনা আক্তার
যুগ্মসচিব
☎: ০২-৫৫১০০৪১৬
ই-মেইল: dsadmin@tmed.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৬. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।

স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.২৫. ৩৬ /১(৩) | তারিখ: ২৭ পৌষ ১৪৩২ / ১১ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:**


১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

হাছিনা আক্তার
যুগ্মসচিব

চেয়ারম্যানের দপ্তর
বাকাশিবো, ঢাকা
ক্রমিক নং ২২৫৮
স্বাক্ষর/তারিখ

E:\AO SHAMIM\Letter\LETTER from January 2025.docx

সচিব মহোদয়ের দপ্তর
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ক্রমিক নং...........................
স্বাক্ষর ও তারিখ.......................



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

**আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—**

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**

**www.gonovote.gov.bd এবং www.gonovote.bd**

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

**প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।**

বিজি প্রেস:-২০২৫-২৬-৪১৭১-এ — ১,০০,০০০ কপি, ২০২৫। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

তথ্য কণিকা-৪

## গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬

**"আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবসমূহের প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করিতেছেন?"; (হ্যাঁ/না)**

(ক) নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হইবে।

(খ) আগামী জাতীয় সংসদ হইবে দুই কক্ষ বিশিষ্ট ও জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হইবে এবং সংবিধান সংশোধন করিতে হইলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হইবে।

(গ) সংসদে নারীর প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল হইতে ডেপুটি স্পীকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, মৌলিক অধিকার, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, প্রধানমন্ত্রীর মেয়াদ, রাষ্ট্রপতির ক্ষমতাসহ তফসিলে বর্ণিত যে ৩০টি বিষয়ে জুলাই জাতীয় সনদে ঐকমত্য হইয়াছে- সেগুলো বাস্তবায়নে আগামী সংসদ নির্বাচনে বিজয়ী রাজনৈতিক দলগুলো বাধ্য থাকিবে।


(ঘ) জুলাই জাতীয় সনদে বর্ণিত অপরাপর সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হইবে।

| | |
|---|---|
| হ্যাঁ | ✓ |
| না | ✕ |



**ভোট প্রদানের জন্য হ্যাঁ অথবা না যেকোনো একটি ঘরে সিল দিন**

@BangladeshECS @BangladeshECS @BangladeshECS @BangladeshECS @BangladeshECS



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

**আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—**

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**

**www.gonovote.gov.bd এবং www.gonovote.bd**

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

**প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।**

বিজি প্রেস:-২০২৫-২৬-৪১৭১-এ—১,০০,০০০ কপি, ২০২৫। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।